

## কুলছাত্রী, দুই গৃহবধু ও দুই সহোদরসহ ৯ খুন ॥ তিন দিনে নয় জেলায় সহিংসতা

জনকণ্ঠ রিপোর্ট ॥ দেশের নয় জেলায় গত তিন দিনে এক কুলছাত্রী, দুই গৃহবধু ও দুই সহোদরসহ ৯ জন নিহত হয়েছে। দুই গৃহবধুই নিহত হয়েছে যৌতুকলোভী স্বামীর হাতে।

টাঙ্গাইলের মির্জাপুর থানা সদর থেকে সাত-আট কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে দুলা বেগম গ্রামে চাঁদার দাবিতে দুই পুলিশ কনস্টেবল মোজাফফর নামে এক ব্যক্তিকে গুলি চিপে হত্যা করেছে। শনিবার সন্ধ্যার দিকে এ ঘটনা ঘটান পর গ্রামবাসী জািল ও আজিজ নামে ঐ দুই পুলিশকে ঘিরে ফেলে। এ ঘটনার খবর পেয়ে মির্জাপুর থানা থেকে অতিরিক্ত পুলিশ গিয়ে কনস্টেবল জািল ও আজিজকে স্বেচ্ছতার করে থানায় নিয়ে আসে। এলাকায় পুলিশের বিরুদ্ধে মিছিল হয়েছে এবং উত্তেজনা বিরাজ করেছে। খবর পুলিশ ও অন্যান্য সূত্রের।

বাগেরহাটের মোস্তাহাটের একটি মৎস্য ঘের থেকে শুক্রবার সুফিয়া খানম ওরফে ছোটন (১৩) নামে এক

ধর্মিত কুলছাত্রীর লাশ উদ্ধার করা হয়।

খুলনা মহানগরীর খালিশপুরে বৃহস্পতিবার রাতে মোহাম্মদ (২০) নামে এক যুবক অজ্ঞাত স্থানীয়দের হাতে খুন হয়েছে।

মাদারীপুরের সদর উপজেলার নোয়াঙ্গাপুর রাজারচর গ্রামে বৃহস্পতিবার রাত ১২টার দিকে নজরুল ইসলাম চৌকিদার (৪০) ও তাজুল ইসলাম চৌকিদার নামে দুইডাইকে সর্বহারা পার্টির পোকেরা বাড়ি থেকে ধরে নিয়ে তলি করে হত্যা করে।

জোড়ার চরফ্যাশনে বৃহস্পতিবার রাতে যৌতুকলোভী স্বামী মাহসুদুর রহমান তার স্ত্রী দুই সন্তানের জননী জান্নাতুল ফেরদৌসকে (২৬) পিটিয়ে হত্যা করে মুখে বিষ ঢেলে দিয়েছে।

ফেনীর শহরতলীতে শুক্রবার গভীর রাতে যৌতুকলোভী স্বামী নিজামউদ্দিন (৩৫) তার স্ত্রী ফেরদৌস আরা

(৭- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

### কুলছাত্রী, দুই গৃহবধু

(৮-এর পরের পর)

বাজলকে কুপিয়ে হত্যা করেছে।

শনিবার চট্টগ্রামের চন্দনাইশে সিদ্দিক আহমদ নামে এক ব্যক্তি প্রতিপক্ষের কিরিচের কোশে নিহত হয়েছে।

অন্যদিকে শুক্রবার রাতে বন্দরনগরীতে চাঁদাবাজদের হাতে রফিক সওদাগর নামে এক ব্যবসায়ী গুলিবিদ্ধ হয়েছে।

শনিবার সকালে মুন্সীগঞ্জের টঙ্গীবাড়ী উপজেলার কামারবাড়ার রাসুনিয়া শিখিরপাড় গ্রামে আবির হোসেন (২৩) নামে এক যুবক প্রতিপক্ষের কিলঘুঘিতে নিহত হয়েছে। এ দিকে ব্রাহ্মণবাড়িয়ার নাপিতনগর উপজেলার কলিকুড়া গ্রামে শনিবার বিকালে দুই ঘটাব্যাপী সংঘর্ষে শতাধিক লোক আহত হয়েছে। মসুর, ডাল কেতে গরু ঢোকা নিয়ে এই সংঘর্ষ বাধে।